

ব্র্যাক ইউনিভার্সিটিতে ন্যাশনাল কলোকুইয়াম অনুষ্ঠিত

অধিকার ডেস্ক ৩০ মার্চ ২০১৯, ২১:৫৪



ব্র্যাক ইউনিভার্সিটিতে 'সেন্টার ফর পিস অ্যান্ড জাস্টিস' কর্তৃক আয়োজিত ন্যাশনাল কলোকুইয়াম অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (৩০ মার্চ) ব্র্যাক সেন্টার ইন-এর অডিটোরিয়ামে এমপাওয়ারিং ইয়াং উইমেন- প্রমোটিং পিসফুল, কোহেসিভ অ্যান্ড প্রসপারাস বাংলাদেশ (Empowering Young Women- Promoting Peaceful, Cohesive & Prosperous Bangladesh) শীর্ষক এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন বাংলাদেশে নিযুক্ত সুইডিশ রাষ্ট্রদূত শারলোটা স্লাইটার। বিশেষ অতিথির বক্তব্য রাখেন বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপাচার্য অধ্যাপক ডক্টর নাজমুল আহসান কলিমউল্লাহ, বিএনসিসিও।

তিনি তাঁর বক্তব্যে নারীর ক্ষমতায়নে নারী উদ্যোক্তা তৈরির প্রতি আলোকপাত করেন। অনুষ্ঠানে আরও বক্তব্য প্রদান করেন- ব্র্যাক ইউনিভার্সিটির উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. তামিম এবং ইউএন উইমেন এর প্রোগ্রাম স্পেশালিষ্ট আসুকা মুরাটা।

মূল গবেষণা প্রবন্ধ উপস্থাপন করেন ব্র্যাক ইউনিভার্সিটির সহযোগী অধ্যাপক ড. সামিয়া হক। আলোচনা শেষে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের 'উইমেন পিস ক্যাফে'র নারী উদ্যোক্তা হিসেবে প্রশিক্ষণ গ্রহণকারী ১৫ জন নারী শিক্ষার্থীকে সার্টিফিকেট প্রদান করা হয়।

অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন- বেরোবির ড. ওয়াজেদ রিসার্চ অ্যান্ড ট্রেনিং ইন্সটিটিউটের বোর্ড অব গভর্নেন্স এর সদস্য ড. সাবের আহমেদ চৌধুরী এবং বেরোবির ফাউন্ডেশন ট্রেনিং কোর্সের রিসোর্স পার্সন ড. তানভীর ফিত্তিন আবিব।

এছাড়াও বেরোবির শিক্ষার্থীদের মেন্টর প্যানেলের পক্ষ থেকে উপস্থিত ছিলেন- বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ড. সোহেলা মুস্তারি, সহকারী অধ্যাপক, সমাজবিজ্ঞান বিভাগ ও অর্থনীতি বিভাগের প্রভাষক কাজী নেওয়াজ মোস্তফা। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান ও সঞ্চালনা করেন ব্র্যাক ইউনিভার্সিটি সেন্টার ফর পিস অ্যান্ড জাস্টিসের নির্বাহী পরিচালক মানজুর হাসান।

ওডি/এমএ